যুগান্তর

তারিখ 11 JAN 2017
পৃষ্ঠা 2 কলাম 6

# বিশ্বের বৃহত্তম ক্লাস কুলিয়ারচরে আজ

## উঠবে গিনেস বুকে

**সিলেট ব্যুরো**

জনপ্রিয় লেখক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল আজ বুধবার বিশ্বের বৃহত্তম ক্লাস নেবেন। যার মাধ্যমে বাংলাদেশ বিশ্বরেকর্ড সৃষ্টি করে গিনেস বুকে নাম লেখাতে যাচ্ছে। কিশোরগঞ্জ জেলার কুলিয়ারচর উপজেলা প্রশাসন বিশাল এই অনুষ্ঠানের আয়োজক। এতে থাকবে 'স্কুল পর্যায়ের ছাত্রছাত্রীদের জন্য বিজ্ঞানবিষয়ক বিশ্বের সবচেয়ে বড় ব্যবহারিক ক্লাস।' কুলিয়ারচর থানার মাঠে আন্তর্জাতিক মানের সুবিধাসম্পন্ন শ্রেণীকক্ষে বেলা ১১টা থেকে দুপুর সাড়ে ১২টা পর্যন্ত এই পাঠদান অনুষ্ঠিত হবে। পাঠদান অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ইয়াফেস ওসমান এমপি ও ভৈরব-কুলিয়ারচরের সংসদ সদস্য নাজমুল হাসান পাপন।

জানা গেছে, এই বৃহৎ ব্যবহারিক ক্লাসের মাধ্যমে বাংলাদেশ গিনেস বুকে নাম লেখাবে। ১৬ আগস্ট ব্রিসবেনে ২ হাজার ৯শ' শিক্ষার্থীর অংশগ্রহণে বিজ্ঞানবিষয়ক ক্লাসে পাঠদান করে গিনেস বুকে নিজেদের নাম লেখায় অস্ট্রেলিয়া। এবার বাংলাদেশ ৩ হাজার ২শ' শিক্ষার্থীর অংশগ্রহণে বিজ্ঞান এবং তথ্যপ্রযুক্তিবিষয়ক পাঠদান করে অস্ট্রেলিয়ার সেই রেকর্ড ভাঙতে যাচ্ছে। সংশ্লিষ্টরা বলছেন, এ অনুষ্ঠানের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হওয়ার পাশাপাশি এ দেশের আগামী প্রজন্মের একটি বড় অংশ বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তিতে উৎসাহিত হবে। শিক্ষার্থীরা বর্তমান প্রতিযোগিতামূলক বিশ্বে নিজেদের যোগ্য করে গড়ে তুলতে কি কি করতে হবে, তা সম্পর্কে সম্যক ধারণা পাবেন। এই ক্লাসে সত্যিকারের বিজ্ঞান প্রজন্ম হিসেবে নিজেদের গড়ে তোলার যথেষ্ট উপকরণ তারা পাবে, যা উন্নত বাংলাদেশ গড়তে যথেষ্ট ভূমিকা রাখবে।